গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৯ সেপ্টেম্বর ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ মিনিট |
| স্থান | : | জুম অনলাইন প্লাটফরম। |

উপস্থিত কর্মকর্তাগণকে কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে জুম অনলাইন প্লাটফরমে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান, সরকার ২০১২ সালে সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এর ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ-বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। নির্দেশিকা অনুসরণে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ তাদের নিজস্ব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ চূড়ান্ত করছেন। তিনি আশা প্রকাশ করে বলেন, প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতিটি লক্ষ্যমাত্রা অর্জনে প্রত্যেকে স্ব স্ব অবস্থান থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

০২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/ হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান, কর্মপরিবেশ উন্নয়ন, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ১৩টি ক্ষেত্রে নির্ধারিত কার্যক্রম অনুসরন করে অত্র বিভাগের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা চূড়ান্তপূর্বক অনুমোদনকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ০৩/০৮/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তা একই সময়ের সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে-যা নিম্নরুপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২০-২০২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.....................................৮** | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট | ০৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট | ৮০ | লক্ষ্যমাত্রা | ৮০ | ৮০ | ৮০ | ৮০ |
| | | | | | | অর্জন | | | | |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.............................. ১০** | | | | | | | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট | ০৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | | | | |
| ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ২ | % | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট | ৬০ | লক্ষ্যমাত্রা | ৮০ | ৮০ | ৮০ | ৮০ |
| | | | | | | অর্জন | | | | |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষিত প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ১৮০ | লক্ষ্যমাত্রা | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| | | | | | | অর্জন | | | | |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষিত প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ১৮০ | লক্ষ্যমাত্রা | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| | | | | | | অর্জন | | | | |
| ৩. **শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি.............১০** | | | | | | | | | | |
| ৩.১ ডোপটেস্ট বিধিমালা, ২০২০ এর এসআরও জারির জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ | প্রস্তাব প্রেরিত | ৫ | তারিখ | যুগ্মসচিব (মাদক) | ৩১/১২/২০ | লক্ষ্যমাত্রা | - | ৩১/১২/২০২০ | - | - |
| | | | | | | অর্জন | - | - | - | - |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২০-২০২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ৩.২ বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পরামর্শ কেন্দ্র বিধিমালা, ২০২০ এর এসআরও জারির জন্য লেজিসলেটিভ ও সংসদ বিভাগে প্রেরণ | প্রস্তাব প্রেরিত | ৫ | তারিখ | যুগ্মসচিব (মাদক) | ৩০/৬/২১ | লক্ষ্যমাত্রা | - | - | - | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | | | | |
| **৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ.....................................৮** | | | | | | | | | | |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | তথ্য বাতায়নে দৃশ্যমানকৃত | ১ | তারিখ | প্রোগ্রামার | ৩০/০৯/২০<br>৩০/১২/২০<br>৩১/০৩/২১<br>৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | ৩০/১২/২০২০ | ৩১/৩/২০২১ | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | - | - | - | |
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | প্রোগ্রামার | ৩০/০৯/২০<br>৩০/১২/২০<br>৩১/০৩/২১<br>৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | ৩০/১২/২০২০ | ৩১/৩/২০২১ | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | - | - | - | |
| ৪.৩ স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | হালনাগাদকৃত নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | ১ | তারিখ | প্রোগ্রামার | ৩০/০৯/২০<br>৩০/১২/২০<br>৩১/০৩/২১<br>৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | ৩০/১২/২০২০ | ৩১/৩/২০২১ | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | - | - | - | - |
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | প্রোগ্রামার | ৩০/০৯/২০<br>৩০/১২/২০<br>৩১/০৩/২১<br>৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | ৩০/১২/২০২০ | ৩১/৩/২০২১ | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | - | - | | |
| ৪.৫ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে হালনাগাদকৃত | ২ | তারিখ | প্রোগ্রামার | ৩০/০৯/২০<br>৩০/১২/২০<br>৩১/০৩/২১<br>৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | ৩০/১২/২০২০ | ৩১/৩/২০২১ | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | - | - | | |
| **৫. সুশাসন প্রতিষ্ঠা.......................................৬** | | | | | | | | | | |
| ৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | উত্তম চর্চার তালিকা প্রেরিত | ৩ | তারিখ | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৩০/০৯/২০ | লক্ষ্যমাত্রা | ৩০/০৯/২০২০ | - | - | - |
| | | | | | | অর্জন | | - | | |
| ৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | অভিযোগ নিষ্পত্তিকৃত | ৩ | % | যুগ্মসচিব (আইন ও শৃঙ্খলা) | ৮০ | লক্ষ্যমাত্রা | ২০ | ২০ | ২০ | ২০ |
| | | | | | | অর্জন | | | | |
| **৬. প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার...............................................৯** | | | | | | | | | | |
| ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | অনুমোদিত ক্রয় পরিকল্পনা | ৩ | তারিখ | অতি: সচিব (উন্নয়ন) | ৩১/৮/২০২০ | লক্ষ্যমাত্রা | ৩১/৮/২০২০ | - | - | - |
| | | | | | | অর্জন | | | | |
| ৬.২ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | দাখিলকৃত প্রতিবেদন | ৩ | সংখ্যা | অতি: সচিব (উন্নয়ন) | ১৬ | লক্ষ্যমাত্রা | - | ৪ | ৬ | ৬ |
| | | | | | | অর্জন | | | | |
| ৬.৩ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | বাস্তবায়নের হার | ৩ | % | অতি: সচিব (উন্নয়ন) | ৬০ | লক্ষ্যমাত্রা | - | ২০ | ২০ | ২০ |
| | | | | | | অর্জন | | | | |
| **৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার...........................................................৭** | | | | | | | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২-২১০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৩১/৮/২০২০<br>৩১/৩/২০২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২০২০ | - | ৩১/৩/২০২১ | - |
| | | | | | | অর্জন | | | | |
| ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য- সম্পাদন | ই-টেন্ডারে ক্রয় সম্পন্ন | ৪ | % | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৮০ | লক্ষ্যমাত্রা | - | - | - | ৮০ |
| | | | | | | অর্জন | | | | |
| **৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ..................................১১** | | | | | | | | | | |
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত | ৩ | সংখ্যা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ২০ | লক্ষ্যমাত্রা | ৫ | ৫ | ৫ | ৫ |
| | | | | | | অর্জন | | | | |
| ৮.২ শাখা/অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন | পরিদর্শন সম্পন্ন | ২ | সংখ্যা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৪০ | লক্ষ্যমাত্রা | ১০ | ১০ | ১০ | ১০ |
| | | | | | | অর্জন | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২০-২০২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার |
| ৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | ২ | % | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৮০ | লক্ষ্যমাত্রা | ২০ | ২০ | ২০ | ২০ |
| | | | | | | অর্জন | | | | |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | নথি শ্রেণি বিন্যাসকৃত | ২ | % | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ১০০ | লক্ষ্যমাত্রা | - | ৫০ | - | ৫০ |
| | | | | | | অর্জন | | | | |
| ৮.৫ শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | নথি বিনষ্টিকৃত | ২ | % | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ১০০ | লক্ষ্যমাত্রা | - | ৫০ | - | ৫০ |
| | | | | | | অর্জন | | | | |
| **৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.........**১৫ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | |
| ৯.১ ভালো কাজে প্রণোদনা প্রদানের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে পুরস্কার প্রদান | প্রদানকৃত পুরস্কার | ৩ | সংখ্যা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৮ | লক্ষ্যমাত্রা | ২ | ২ | ২ | ২ |
| | | | | | | অর্জন | | | | |
| ৯.২ অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণের লক্ষ্যে ফায়ার লাইসেন্স/ ফায়ার ছাড়পত্র প্রদান কার্যক্রম মূল্যায়ন | মূল্যয়িত কার্যক্রম | ৩ | সংখ্যা | যুগ্মসচিব (অগ্নি) | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ |
| | | | | | | অর্জন | | | | |
| ৯.৩ সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | মূল্যায়িত কাযক্রম | ৩ | সংখ্যা | যগ্মসচিব (মাদকদ্রব্য) | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ |
| | | | | | | অর্জন | | | | |
| ৯.৪ কারাবন্দিগণ কর্তৃক উৎপাদিত পণ্যের লভ্যাংশ প্রদান কার্যক্রম মূল্যায়ন | মূল্যায়িত কাযক্রম | ৩ | সংখ্যা | অতি: সচিব (কারা | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ |
| | | | | | | অর্জন | | | | |
| ৯.৫ পাসপোর্ট অফিসে ইলেকট্রনিক কিউ সিস্টেম চালুকরণ | চালুকৃত ইলেকট্রনিক কিউ সিস্টেম | ৩ | সংখ্যা | অতি: সচিব (বহি: ও নিরা:) | ২ | লক্ষ্যমাত্রা | - | - | - | ২ |
| | | | | | | অর্জন | | | | |
| **১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান.........................................**৩ | | | | | | | | | | |
| ১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৩০/৬/২০২১ | লক্ষ্যমাত্রা | - | - | - | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | | | | |
| **১১. কর্মপরিবেশ উন্নয়ন.........................................................................**২ | | | | | | | | | | |
| ১১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা তারিখ | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ২ টি ৩১/১২/২০ ৩০/০৬/২১ | লক্ষ্যমাত্রা | - | ৩১/১২/২০ | - | ৩০/৬/২০২১ |
| | | | | | | অর্জন | | | | |
| **১২. অর্থ বরাদ্দ.....................................................................................**৩ | | | | | | | | | | |
| ১২.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | ৩ | লক্ষ টাকা | অতি: সচিব (প্রশা: ও অর্থ) | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ |
| | | | | | | অর্জন | | | | |
| **১৩. পরিবীক্ষণ ও মূল্যায়ন...................................**৮ | | | | | | | | | | |
| ১৩.১ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত ও আপলোডকৃত | ২ | তারিখ | যুগ্মসচিব (অগ্নি) | ০৪/০৮/২০ | লক্ষ্যমাত্রা | ০৪/০৮/২০২০ | - | - | - |
| | | | | | | অর্জন | | | | |
| ১৩.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ২ | তারিখ | যুগ্মসচিব (অগ্নি) | ১৫/১০/২০ ১৫/০১/২১ ১৫/০৪/২১ | লক্ষ্যমাত্রা | - | ১৫/১০/২০২০ | ১৫/১/২০২১ | ১৫/৪/২০২১ |
| | | | | | | অর্জন | | | | |
| ১৩.৩ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | যুগ্মসচিব (অগ্নি) | ৩১/১০/২০ ৩১/০১/২১ ৩০/০৪/২১ | লক্ষ্যমাত্রা | - | ৩১/১০/২০২০ | ৩১/০১/২০২১ | ৩০/০৪/২০২০ |
| | | | | | | অর্জন | | | | |

০৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, উপরে বর্ণিত ১৩টির ক্ষেত্রের মধ্যে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ব্যতীত অন্য ১১টি ক্ষেত্রের কার্যক্রমসমূহ মন্ত্রিপরিষদ বিভাগকর্তৃক নির্ধারিত। শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখা/শাখার কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা উল্লেখপূর্বক পত্র প্রদান করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকর্তৃক ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা নির্দিষ্ট তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। সেই সাথে স্ব স্ব দপ্তরের এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে প্রতিমাসে বৈঠক করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৪.১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের বিপরীতে নির্ধারণকৃত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে অত্র বিভাগের সকল অনুবিভাগের সম্পৃক্ততা রয়েছে। এ প্রেক্ষাপটে নিজ নিজ উইংয়ের সাথে সম্পৃক্ত টার্গেটসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যাতে অর্জিত হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল অনুবিভাগ প্রধান'কে অনুরোধ জানানো হয়;

(৪.২) আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ থেকে নির্দিষ্ট টার্গেট বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন যাতে নির্ধারিত সময়ের মধ্যে পাওয়া যায় সে লক্ষ্যে অনুবিভাগ প্রধানগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;

(৪.৩) প্রতিটি অনুবিভাগের স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ এবং ভালো কাজে প্রণোদনা প্রদানের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে পুরস্কার প্রদানের নিমিত্ত কর্মকর্তা/কর্মচারী মনোনয়নের লক্ষ্যে প্রশাসন ও অর্থ অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;

(৪.৪) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন সূচক, সূচকের বিপরীতে সেট করা, টার্গেট বাস্তবায়নের অগ্রগতি ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করার জন্য এপিএ টিম প্রধান সপ্তাহের প্রতি মঙ্গলবারে উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সভায় মিলিত হবেন।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় জুম অনলাইন প্লাটফরমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
১২/১০/২০২০
ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.১৭-৭৬

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৭ / ১২ অক্টোবর ২০২০

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):

১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব ........................................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা;
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা;
৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা;
৬. উপসচিব .......................................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৭. সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

২৮/১০/২০২০
(জাহিদুল ইসলাম)
উপসচিব